# নামাযের দো‘আ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চমঃ দুই সিজদার মাঝে বসার দো‘আ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান

দুই সিজদার মাঝে বসার দো‘আ কি কি?

«رب اغفرلي، رب اغفرلي»

উচ্চারণ: রব্বিগফিরলী, রব্বিগফিরলী।

অর্থ: হে আল্লাহ্! তুমি আমাকে ক্ষমা কর, হে আল্লাহ্ তুমি আমাকে ক্ষমা কর। (আবু দাউদ-ইবনে মাজাহ্)

«اللهم اغفرلي، وارحمني، وعافني واهدني، وارزقني» (رواه أبو داود والترمذي)

উচ্চারণ: আল্লাহুম্মাগফিরলী ওয়ার হামনী ওয়া ‘আফিনী ওয়াহদিনী ওয়ারযুকনী।

অর্থ: হে আল্লাহ! তুমি আমাকে ক্ষমা কর, আমার প্রতি রহম কর, আমাকে সুস্থতা দান কর, সঠিক পথে পরিচালিত কর এবং রিযিক দান কর। (আবু দাউদ, তিরমিযী)

একটি বর্ণনায় বেশি রয়েছেঃ

«واجبرني» (ওয়াজবুরনী)

অর্থ: আমার ক্ষতিপূরণ কর।

অন্য বর্ণনায় রয়েছেঃ

«وارفعني» (ওয়ারফা‘নী)

অর্থ: আমার মর্যাদা বৃদ্ধি কর। (ইবনে মাজাহ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন